গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কাস্টমস হাউস, চট্টগ্রাম
নিলাম শাখা
Website: www.chc.gov.bd/E-mail: chcauctionctg@gmail.com

নথি নং-৫/কা.হা.চট্ট./নিলাম শাখা/৫৫/ই-অকশন-০৮/২০২৫/ ৪৩২৭(১) তারিখ: ০২/০৯/২০২৫ খ্রি.

প্রাপক:

০১। সিস্টেমস ম্যানেজার
জাতীয় রাজস্ব বোর্ড, রাজস্ব ভবন
প্লট # এফ ১/এ, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা।

২। সিস্টেম এ্যানালিস্ট
কাস্টমস, হাউস, চট্টগ্রাম।

বিষয়: ই-অকশন নং-০৮/২০২৫ এ অংশগ্রহণকারী সম্মানিত দরদাতাগণের উদ্দেশ্যে জারিকৃত বিজ্ঞপ্তি ওয়েবসাইটে প্রকাশ।

উপর্যুক্ত বিষয়ের প্রতি আপনার সদয় দৃষ্টি আকর্ষণ করা হলো।

২। কাস্টমস হাউস, চট্টগ্রাম এর নিলাম শাখার কার্যক্রমকে অধিকতর কার্যকর, স্বচ্ছ ও গতিশীল করার লক্ষ্যে ই-অকশন ওয়েবসাইটে নিলাম কার্যক্রম সম্পাদনের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। একই ধারাবাহিকতায় ১৬/০৭/২০২৫ খ্রি. তারিখ হতে ০৬/০৮/২০২৫ খ্রি. তারিখ পর্যন্ত ই-অকশন ওয়েবসাইটের (http://103.48.18.166/auction/301) মাধ্যমে ই-অকশন নং-০৮/২০২৫ এ দরমূল্য গ্রহণ করা হয়। ই-অকশন নং-০৮/২০২৫ এ প্রাপ্ত দরমূল্যসমূহ পর্যালোচনাপূর্বক সর্বোচ্চ দরদাতার তালিকা প্রকাশের লক্ষ্যে ২৬/০৮/২০২৫ খ্রি. তারিখে কাস্টমস হাউস, চট্টগ্রাম এর নিলাম কমিটির একটি সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভার সিদ্ধান্ত মোতাবেক জাতীয় রাজস্ব বোর্ডের বিশেষ আদেশ নং-৮২/২০২৫/কাস্টমস তারিখ: ১৪/০৫/২০২৫ খ্রি. এর নির্দেশনা এবং ই-অকশন নং-০৮/২০২৫ এর সংশোধিত বিজ্ঞপ্তির আলোকে সরকারের সর্বাধিক রাজস্ব আহরণ ও অধিক সংখ্যক বিডারের অংশগ্রহণ নিশ্চিতকরণের লক্ষ্যে যে সকল বিডারগণ শুধু অনলাইনে দরমূল্য দাখিল/বিড করেছেন কিন্তু জামানতের পে-অর্ডার ও প্রয়োজনীয় অন্যান্য দলিলাদির হার্ড কপি নিলাম বিজ্ঞপ্তিতে উল্লিখিত নির্ধারিত সময়ের মধ্যে বাক্সে জমা প্রদান করেন নি, তাদেরকে সর্বোচ্চ দরদাতার তালিকা প্রকাশের পরবর্তী ০৩ (তিন) কার্যদিবসের মধ্যে অনলাইনে দাখিলকৃত পে-অর্ডারের মূল কপিসহ প্রয়োজনীয় অন্যান্য দলিলাদি অ্যাসিস্ট্যান্ট/ডেপুটি কমিশনার অব কাস্টমস (নিলাম), কাস্টমস হাউস, চট্টগ্রাম বরাবর জমা প্রদান এবং সর্বোচ্চ দরদাতার তালিকা প্রকাশের পর উক্ত তালিকায় কোন ত্রুটি/বিচ্যুতি পরিলক্ষিত হলে আগামী ০৩ (তিন) কার্যদিবসের অ্যাসিস্ট্যান্ট/ডেপুটি কমিশনার অব কাস্টমস (নিলাম), কাস্টমস হাউস, চট্টগ্রাম বরাবর লিখিতভাবে আপত্তি/অভিযোগ/মতামত প্রদানের জন্য একটি বিজ্ঞপ্তি প্রস্তুত করা হয়েছে যা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য নোটিশ বোর্ড এবং ওয়েবসাইটে প্রকাশ করা প্রয়োজন।

২। এমতাবস্থায়, সংযুক্ত বিজ্ঞপ্তিটি নোটিশ বোর্ড এবং সংশ্লিষ্ট দপ্তরের ওয়েবসাইটে প্রকাশের সদয় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক ০১ পাতা।

০২.০৯.২৫
(পলাশ কুমার মল্লিক)
রাজস্ব কর্মকর্তা
অ্যাসিস্ট্যান্ট কমিশনার অব কাস্টমস এর পক্ষে

নথি নং-৫/কা.হা.চট্ট./নিলাম শাখা/৫৫/ই-অকশন-০৮/২০২৫/ তারিখঃ /০৯/২০২৫ খ্রি.

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো :

১. অ্যাডিশনাল কমিশনার অব কাস্টমস-১, কাস্টমস হাউস, চট্টগ্রাম।
২. জয়েন্ট কমিশনার অব কাস্টমস-২, কাস্টমস হাউস, চট্টগ্রাম।
৩. সহকারী প্রোগ্রামার, কাস্টমস হাউস, চট্টগ্রাম।
৪. পিএ টু কমিশনার, কাস্টমস হাউস, চট্টগ্রাম (কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৫. অকশনিয়ার: মেসার্স কে এম কর্পোরেশন, ৩০৬, স্ট্যান্ড রোড, মাঝির ঘাট, চট্টগ্রাম *(কাস্টমস হাউস, চট্টগ্রাম ও নিলাম শাখা/অকশন শেড এর নোটিশ বোর্ডে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশ প্রদান করা হলো)*।
৬. অফিস কপি।

(পলাশ কুমার মল্লিক)
রাজস্ব কর্মকর্তা

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কাস্টমস হাউস, চট্টগ্রাম
নিলাম শাখা
Website: www.chc.gov.bd

## ই-নিলাম (E-Auction) নং-০৮/২০২৫ সম্পর্কিত বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, চট্টগ্রাম বন্দরের অভ্যন্তরে রক্ষিত অখালাসকৃত, আটককৃত ও বাজেয়াপ্তকৃত বিভিন্ন প্রকার পণ্য যেখানে যে অবস্থায় আছে সে ভিত্তিতে নিলামে বিক্রয় এবং কাস্টমস হাউস, চট্টগ্রাম এর নিলাম শাখার কার্যক্রমকে অধিকতর কার্যকর, স্বচ্ছ ও গতিশীল করার লক্ষ্যে ই-অকশন ওয়েবসাইটে (http://103.48.18.166/auction/301) নিলাম কার্যক্রম সম্পাদনের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। একই ধারাবাহিকতায় ১৬/০৭/২০২৫ খ্রি. তারিখ হতে ০৬/০৮/২০২৫ খ্রি. তারিখ পর্যন্ত ই-অকশন ওয়েবসাইটের মাধ্যমে ই-অকশন নং-০৮/২০২৫ এ দরমূল্য গ্রহণ করা হয়। ইতোমধ্যে উক্ত ই-অকশনে প্রাপ্ত দরমূল্যসমূহ পর্যালোচনা করে সর্বোচ্চ দরদাতার তালিকা নোটিশ বোর্ডে এবং কাস্টমস হাউস, চট্টগ্রাম ও জাতীয় রাজস্ব বোর্ডের ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে। ই-অকশন নং-০৮/২০২৫ এ প্রাপ্ত দরমূল্যসমূহ পর্যালোচনাপূর্বক সর্বোচ্চ দরদাতার তালিকা প্রকাশের লক্ষ্যে ২৬/০৮/২০২৫ খ্রি. তারিখে অনুষ্ঠিত কাস্টমস হাউস, চট্টগ্রাম এর নিলাম কমিটির সভার সিদ্ধান্ত মোতাবেক জাতীয় রাজস্ব বোর্ডের বিশেষ আদেশ নং-৮২/২০২৫/কাস্টমস তারিখ: ১৪/০৫/২০২৫ খ্রি. এর নির্দেশনা এবং ই-অকশন নং-০৮/২০২৫ এর সংশোধিত বিজ্ঞপ্তির আলোকে সরকারের সর্বাধিক রাজস্ব আহরণ ও অধিক সংখ্যক নিলাম ক্রেতা/বিডারের অংশগ্রহণ নিশ্চিতকরণের লক্ষ্যে যে সকল বিডারগণ শুধু অনলাইনে দরমূল্য দাখিল/বিড করেছেন কিন্তু জামানতের পে-অর্ডার ও নিলাম বিজ্ঞপ্তিতে উল্লিখিত প্রয়োজনীয় অন্যান্য দলিলাদির হার্ড কপি নিলাম বিজ্ঞপ্তিতে উল্লিখিত নির্ধারিত সময়ের মধ্যে বাক্সে জমা প্রদান করেন নি/করতে পারেন নি, তাদেরকে সর্বোচ্চ দরদাতার তালিকা প্রকাশের পরবর্তী ০৩ (তিন) কার্যদিবসের মধ্যে অনলাইনে দাখিলকৃত পে-অর্ডারের মূল কপিসহ প্রয়োজনীয় অন্যান্য দলিলাদি অ্যাসিস্ট্যান্ট/ডেপুটি কমিশনার অব কাস্টমস (নিলাম), কাস্টমস হাউস, চট্টগ্রাম বরাবর জমা প্রদানের জন্য অনুরোধ করা যাচ্ছে।

সর্বোচ্চ দরদাতার তালিকা প্রকাশের পর উক্ত তালিকায় কোন ত্রুটি/বিচ্যুতি পরিলক্ষিত হলে আগামী ০৩ (তিন) কার্যদিবসের মধ্যে অ্যাসিস্ট্যান্ট/ডেপুটি কমিশনার অব কাস্টমস (নিলাম), কাস্টমস হাউস, চট্টগ্রাম বরাবর লিখিতভাবে আপত্তি/অভিযোগ/মতামত প্রদানের জন্য অনুরোধ করা হলো।

বি: দ্র: নির্ধারিত সময়ের পর প্রকাশিত সর্বোচ্চ দরদাতার তালিকা সংক্রান্ত কোন আপত্তি/অভিযোগ গ্রহণযোগ্য হবে না।

02/09/2025

আদেশক্রমে

অ্যাসিস্ট্যান্ট কমিশনার অব কাস্টমস